অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/29/2023 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক সিটিতে 50 মিলিয়ন ডলারের প্রি-ক্লিনিক্যাল ওষুধ আবিষ্কারের জন্য "ল্যাব অব দ্য ফিউচার" প্রতিষ্ঠা করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

অটোমেশন, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, এবং মেশিন লার্নিং প্রাণ বিজ্ঞান কোম্পানিগুলোর জন্য আরো দ্রুত, অধিকতর কার্যকর এবং আরো বেশি ফলপ্রসূ ওষুধ আবিষ্কার সহজতর করবে

ল্যাবটি কয়েক দশক ধরে চলে আসা অতি গুরুত্বপূর্ণ ওষুধ আবিষ্কারের কাজ আউটসোর্সিং করার প্রবণতা পাল্টে দিতে সাহায্য করবে এবং নিউ ইয়র্কের অভ্যন্তরীণ সামর্থ্য ও যোগ্যতা বৃদ্ধি করবে

গভর্নর ক্যাথি হোকল আজ মিডটাউন ম্যানহাটনে 50 মিলিয়ন ডলারের পাইলট "ল্যাব অব দ্য ফিউচার" প্রতিষ্ঠার কথা ঘোষণা করেন, যা প্রি-ক্লিনিক্যাল ওষুধ আবিষ্কারের প্রক্রিয়াকে দ্রুততর, আরো বেশি ডাটাভিত্তিক ও ব্যয়-সাশ্রয়ী করে তোলার জন্য অটোমেশন, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, এবং মেশিন লার্নিংকে কাজে লাগাবে। ডিয়ারফিল্ড ম্যানেজমেন্ট কোম্পানির (Deerfield Management Company) সাবসিডিয়ারি ডিয়ারফিল্ড ডিসকভারি এন্ড ডেভেলপমেন্ট (Deerfield Discovery and Development) এই ল্যাবরেটরি নির্মাণ করবে এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর 25 মিলিয়ন ডলারের একটি অনুদান এই প্রকল্পে সহায়তা করছে। এই নতুন ল্যাব নিউ ইয়র্ক স্টেটকে এসব উন্নত প্রযুক্তির বাণিজ্যিক সম্ভাবনা কাজে লাগানোর সক্ষমতা প্রদান করবে এবং স্টেটের প্রাণ বিজ্ঞান বাস্তুসংস্থানকে আরো সমৃদ্ধ করবে।

"ডিয়ারফিল্ডের ল্যাব অব দ্য ফিউচার-এ এই বিনিয়োগ আমাদের স্টেটকে প্রাণ বিজ্ঞান খাতে সমৃদ্ধি, উদ্ভাবন, ও উদঘাটনের জন্য একটি হাব হিসেবে নিজের অবস্থান সুদৃঢ় করতে সাহায্য করবে এবং অতি গুরুত্বপূর্ণ ওষুধ গবেষণা যুক্তরাষ্ট্রে ফিরিয়ে আনতে সাহায্য করবে," **বলেছেন গভর্নর হোকল।** "ডিয়ারফিল্ডের জীবন রক্ষাকারী ক্লিনিক্যাল গবেষণা এবং উন্নত ওষুধ আবিষ্কার ব্যবসায়িক ক্রিয়াকলাপের চালিকাশক্তি হিসেবে কাজ করবে, আমাদের কর্মীদলকে সমৃদ্ধ ও শক্তিশালী করবে, এবং নিউ ইয়র্ক স্টেটে পরবর্তী প্রজন্মের ওষুধ নিয়ে আসবে। একটি আধুনিক অর্থনীতি গড়ে তোলার জন্য প্রাণ বিজ্ঞান খাতে সহায়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং আমার প্রশাসন নিউ ইয়র্ককে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে এমন গুরুত্বপূর্ণ শিল্প ও কর্মসংস্থান সৃষ্টিকারীদের শক্তিশালী করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

ডিয়ারফিল্ড ম্যানেজমেন্ট-এর ম্যানেজিং পার্টনার এবং কিউর® (Cure®)-এর ফাউন্ডার জেমস ফ্লিন বলেন, "আজ নিউ ইয়র্কের প্রাণ বিজ্ঞান কমিউনিটিকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার পথে বৃহৎ একটি পদক্ষেপ গৃহীত হয়েছে, এবং আমরা গভর্নর হোকল ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সহায়তার জন্য অনেক বেশি কৃতজ্ঞ। ল্যাব অব দ্য ফিউচার একটি নজিরবিহীন মাত্রায় প্রাথমিক-পর্যায়ের ওষুধ আবিষ্কারের প্রচেষ্টায় নতুন ও রূপান্তরমূলক প্রযুক্তিগত সক্ষমতা নিয়ে আসার প্রত্যাশা রাখে। অর্থপূর্ণ বৈজ্ঞানিক অগ্রগতির সক্ষমতা প্রদান করা এবং অর্থনৈতিক সুযোগ-সুবিধার চালিকা শক্তি হিসেবে কাজ করার জন্য এই উদ্যোগের সম্ভাবনার ব্যাপারে আমরা উচ্ছসিত।"

পাইলট ল্যাবটি নিউ ইয়র্ক সিটিতে ডিয়ারফিল্ডের কিউর® ইনোভেশন ক্যাম্পাসের আনুমানিক 6,000 বর্গফুট স্থান ব্যবহার করবে। ল্যাবটির একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান হচ্ছে বিপুল পরিমাণ বৈজ্ঞানিক গবেষণার ডাটা একত্রিতকরণ, সংশ্লেষণ ও বিশ্লেষণ যা আরো বেশি ফলপ্রসূ ওষুধ আবিষ্কার প্রক্রিয়াকে সহজতর করার জন্য প্রয়োজনীয় একটি সম্প্রসারণশীল আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ডাটাবেসের ভিত্তি হিসেবে কাজ করবে।

ESD-এর 25 মিলিয়ন ডলারের অনুদান ল্যাবরেটরি অটোমেশন ডেভেলপ করা, পূর্বাভাষমূলক ওষুধ ডিজাইন করার অ্যালগরিদম, মেধা সংগ্রহ, বৈজ্ঞানিক সরবরাহ, সফটওয়্যার, এবং প্রাথমিক পর্যায়ের কার্যপরিচালনার ব্যয়, ইত্যাদির খরচ বহন করতে সহায়তা করবে। এই ল্যাব এবং পাঁচ বছর মেয়াদী অনুদান সফলভাবে সম্পন্ন হওয়ার পরে, ডিয়ারফিল্ড নিউ ইয়র্ক স্টেটে একটি ফুল-স্কেল কোম্পানির মাধ্যমে সংশ্লেষণ, স্ক্রিনিং ও সফটওয়্যার পরিষেবাসমূহের প্রতিরূপ করার ব্যাপারে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। ল্যাবটি এক পর্যায়ে গিয়ে বড় ও ছোট বায়োফার্মা কোম্পানিগুলোর জন্য ওষুধ আবিষ্কারের সংস্থান হিসেবে কাজ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যা অন্যান্য উদ্ভাবনমুখী প্রাণ বিজ্ঞান কোম্পানিকে আকৃষ্ট করার মাধ্যমে নিউ ইয়র্কের প্রাণ বিজ্ঞান বাস্তুসংস্থানের সমৃদ্ধিকে উৎসাহিত করবে, এবং একইসাথে একটি দক্ষ কর্মীদলের প্রশিক্ষণ ও উন্নয়নে সহায়তা করবে।

ESD-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "ল্যাব অব দ্য ফিউচার নিউ ইয়র্ক স্টেটকে স্টেটের প্রাণ বিজ্ঞান বাস্তুসংস্থান শক্তিশালী করে তোলার জন্য অটোমেশন, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ও মেশিন লার্নিংয়ের বাণিজ্যিক সম্ভাবনা কাজে লাগানোর সক্ষমতা প্রদান করবে এবং একইসাথে নিউ ইয়র্কে দক্ষ কর্মসংস্থানসমূহ নিয়ে আসবে। ল্যাবটির কাজে লাগানো উদ্ভাবনমূলক প্রযুক্তি প্রাণ বিজ্ঞান খাতে নিউ ইয়র্কের নেতৃস্থানীয় অবস্থানকে আরো সুদৃঢ় করতে সাহায্য করবে।"

এই ল্যাব অব দ্য ফিউচার অতি গুরুত্বপূর্ণ মেডিকেল আবিষ্কারের কাজ যুক্তরাষ্ট্রে ফিরিয়ে আনতে সাহায্য করবে এবং ওষুধ আবিষ্কার ও উন্নয়নের কাজ আউটসোর্সিং করা ক্রমশ বৃদ্ধি পাওয়ার গতিকে পাল্টে দিবে - যে আউটসোর্সিং প্রধানত চীন ও ভারতে করা হয় - যা অভ্যন্তরীণ সামর্থ্য ও যোগ্যতাকে প্রভাবিত করে। কোভিড-19 মহামারী চলাকালীন সময়ে আউটসোর্সিং করার নেতিবাচক প্রভাব প্রকট হয়ে দেখা দিয়েছিল, যখন অপরিহার্য ওষুধ আবিষ্কার পরিষেবা ও সক্ষমতার জন্য বিদেশি রাষ্ট্রের উপর নির্ভরশীলতার বিষয়টি অনুভূত হয়েছিল। প্রাথমিক

পর্যায়ের গবেষণাকে আরো বেশি ফলপ্রসূ করে তোলার মাধ্যমে, এই ল্যাব এটিকে আরো বেশি সাশ্রয়ী করে তুলবে, যা বায়োফার্মা শিল্পে উদ্ভাবনের অনুঘটক হিসেবে কাজ করবে।

ল্যাবটির দীর্ঘমেয়াদী অর্থনৈতিক সুফলগুলোর মধ্যে প্রাথমিক পর্যায়ে ওষুধ শনাক্তকরণ ও উন্নয়ন প্রচেষ্টার জন্য বায়োফার্মা কোম্পানিগুলো প্রয়োজনীয় বহু গবেষণা পরিষেবা প্রদান করা অন্তর্ভুক্ত রয়েছে এবং এটি সাপ্লাই চেইনে তৈরি হওয়া বিঘ্ন কাটিয়ে উঠার জন্য ভালো অবস্থানে থাকবে। সেইসাথে, ল্যাবটি স্টেটের মধ্যকার ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে এই ফ্যাসিলিটি কাজে লাগাতে উৎসাহিত করার জন্য ফলপ্রসূতা, গুণমান, এবং বুদ্ধিবৃত্তিক সম্পত্তির সুরক্ষা ইত্যাদি সুফল প্রদান করবে।

ডিয়ারফিল্ড ডিসকভারি এন্ড ডেভেলপমেন্ট-এর চিফ এক্সিকিউটিভ অফিসার মাইকেল ফোলি, পিএইচডি বলেন, "ল্যাব অব দ্য ফিউচার আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, ও রোবোটিক্স খাতের সর্বশেষ অগ্রগতিগুলো ব্যবহার করার মাধ্যমে দ্রুততর এবং অধিকতর ফলপ্রসূ ওষুধ আবিষ্কার প্রচেষ্টাকে সক্ষম করে তুলতে চায়। এছাড়া গভর্নর হোকলের প্রশাসন এবং ডিয়ারফিল্ডের তরফ থেকে এই বিনিয়োগ ওষুধ উন্নয়নের অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো যুক্তরাষ্ট্রে সম্পন্ন করার সুযোগ করে দিবে, যা এই বাজারে নিউ ইয়র্কের উপস্থিতি উন্নত করার পাশাপাশি বৈশ্বিক পর্যায়ে আমাদের সক্ষমতা উন্নত করবে।"

প্রাণ বিজ্ঞান খাতের মধ্যে বায়োটেকনোলজি, ফার্মাসিউটিক্যাল, বায়োমেডিকেল টেকনোলজি এবং লাইফ সিস্টেম টেকনোলজি খাতগুলো অন্তর্ভুক্ত রয়েছে। বিভিন্ন স্তরের গবেষণা, উন্নয়ন, প্রযুক্তি স্থানান্তর ও বাণিজ্যিকীকরণের জন্য নিজেদের বেশিরভাগ প্রচেষ্টা নিয়োজিত করা সংস্থা ও প্রতিষ্ঠানগুলো এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। প্রতিদিন, এই খাতের ফার্মগুলো নতুন মেডিকেল ও ফার্মাসিউটিক্যাল উদ্ভাবনের বিকাশ ঘটাচ্ছে যেগুলোর জীবন রক্ষা করার সম্ভাবনা রয়েছে, এবং একইসাথে কৃষি ও পরিবেশগত বায়োটেকনোলজিতে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করছে যা অধিকতর নির্মল ও আরো বেশি টেকসই একটি ভবিষ্যতের প্রসার ঘটাতে সাহায্য করছে।

নিউ ইয়র্কে একটি বিশ্বমানের লাইফ সাইন্স গবেষণা ক্লাস্টারের বিকাশ শুরু করার জন্য নিউ ইয়র্ক স্টেট 620 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ প্রণয়ন করেছে এবং একইসাথে এই গবেষণাকে বাণিজ্যিকীকরণ করে অর্থনীতির প্রবৃদ্ধি করতে স্টেটের ক্ষমতাকে সম্প্রসারিত করে। এই বহুমুখী উদ্যোগের মধ্যে বিভিন্ন কৌশলগত কর্মসূচির জন্য 320 মিলিয়ন ডলার বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে যা স্টেটে নতুন প্রাণ বিজ্ঞান প্রযুক্তিকে আকৃষ্ট করবে, উদীয়মাণ প্রাণ বিজ্ঞান খাতে গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগে উৎসাহিত করবে ও নিউ ইয়র্কজুড়ে প্রাণ বিজ্ঞান সম্পর্কিত ব্যবসা ও কর্মসংস্থান সৃষ্টি করবে ও প্রসার ঘটাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রাণ বিজ্ঞান বাস্তুসংস্থানের সামগ্রিক সমৃদ্ধিতে এবং প্রাণ বিজ্ঞান খাতে বিনিয়োগের একটি শীর্ষস্থানীয় গন্তব্যস্থল হিসেবে স্টেটের প্রোফাইল সমৃদ্ধ করার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। শুরু হওয়ার পর থেকে পাঁচ বছরের সময়ের মধ্যে, নিউ ইয়র্ক স্টেটের প্রাণ বিজ্ঞান উদ্যোগ (Life Science Initiative) কয়েকটি উপায়ে এই খাতটি গড়ে তোলার জন্য প্রত্যক্ষ অবদান রেখেছে: 1.5 বিলিয়ন ডলারের বাড়তি বিনিয়োগ নিয়ে

এসেছে, 17টি নতুন প্রাণ বিজ্ঞান কোম্পানিকে নিউ ইয়র্ক স্টেটে স্থানান্তর হতে উৎসাহিত করেছে, এবং 540টিরও বেশি কর্মসংস্থান তৈরি করেছে।

অ্যাসেম্বলি সদস্য হার্ভে এপস্টেইন বলেন, "নিউ ইয়র্ক সিটির উদ্ভাবনের জন্য একটি সুনাম রয়েছে যা এটিকে ল্যাব অব দ্য ফিউচারের জন্য স্বাভাবিক ঠিকানায় পরিণত করেছে। ওষুধ আবিষ্কার প্রক্রিয়া সমৃদ্ধ ও ত্বরান্বিত করার কিছু সুস্পষ্ট সুফল রয়েছে এবং আমি আশা করি আমাদের বিনিয়োগের সহায়তায় এই ল্যাবে হওয়া বৈজ্ঞানিক অগ্রগতিগুলো সেগুলো থেকে উপকৃত হওয়ার মতো সবার জন্য অ্যাক্সেসযোগ্য থাকবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov ওয়েবসাইট দেখুন।

ডিয়ারফিল্ড ম্যানেজমেন্ট কোম্পানি সম্পর্কে

ডিয়ারফিল্ড একটি বিনিয়োগ ব্যবস্থাপনা ফার্ম যা বিনিয়োগ, তথ্য ও মানবহিতৈষী কর্মপ্রচেষ্টার মাধ্যমে স্বাস্থ্যসেবা খাতকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে। এই ফার্ম সাহসী, সহযোগিতামূলক ও অন্তর্ভুক্তিমূলক উপায়ে লোকজন, মূলধন, আইডিয়া ও প্রযুক্তির মধ্যে সংযোগ স্থাপনের জন্য স্বাস্থ্যসেবা খাতের বাস্তুসংস্থানজুড়ে কাজ করে থাকে। আরো তথ্যের জন্য, www.deerfield.com ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন